

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৫০

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

আরবী

وَعَنْ نُبَيْشَةَ الْهُذَلِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَيَّامُ التَّشْرِيقِ أَيَّامُ أكل وَشرب وَذكر الله» . رَوَاهُ مُسلم

বাংলা

২০৫০-[১৫] নুবায়শাহ্ আল হুযালী (রাঃ) হতে বর্ণিত হয়েছে। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'আইয়্যামুত তাশরীক' হলো খানাপিনার ও পান করার এবং আল্লাহর জিকির করার দিন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১১৪১, আবূ দাউদ ২৮১৩, নাসায়ী ৪২৩০, আহমাদ ২০৭২২, সুনানুল কুবরা লিল বায়হাকী ৪১৬৮, ইরওয়া ৯৬৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আইয়্যামে তাশারীক হলো কুরবানীর পরবর্তী তিনদিন, অর্থাৎ- কুরবানীর দিন ব্যতীত তার পরবর্তী তিনদিন এবং এটাই ইবনু 'উমার ও অধিকাংশ 'উলামাগণের সিদ্ধান্ত। তন্মধ্যে যথাক্রমে চার ইমাম ও তাদের অনুসারীগণ বিশেষভাবে উল্লেখযোগ্য। তবে ইবনু 'আব্বাস ও 'আত্বা হতে বর্ণিত রয়েছে যে, আইয়্যামে তাশরীক হলো চারদিন, কুরবানীর দিন ও তার পরবর্তী তিনদিন। আর 'আত্বা তার নামকরণ করেছেন আইয়্যামে তাশরীক। তবে প্রথম বর্ণিত হাদীস, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আইয়্যামে তাশরীকের দিনে সিয়াম পালন করতে নিষেধ করেছেন, আর তা হলো কুরবানীর পরবর্তী তিনদিন। আর ইয়া'লা অনুরূপ শব্দে বর্ণনা করেছেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বছরে পাঁচদিনে সিয়াম পালন করতে নিষেধ করেছেন। যথাক্রমে ঈদুল ফিতর ও ঈদুল আযহা ও আইয়্যামে তাশরীক্রের দিন। কুরবানীর গোশ্ত (গোসত/গোশত) সূর্যের আলোয় ছড়িয়ে দিয়ে



শুকানো হতো বিধায় এর নাম আইয়্যামে তাশরীক নামকরণ করা হয়েছে।

কারো মতে হাদী এবং কুরবানী সূর্য উদিত হওয়া পর্যন্ত যাবাহ করা হয় না, বিধায় এর নামকরণ করা হয়েছে আইয়ামে তাশরীক। আর আলোচ্য হাদীসে (ذِكْرِ اللهِ) দ্বারা আল্লাহ তা আলার এ কথার দিকেই ইঙ্গিত করা হয়েছেঃ

وَاذْكُرُوا اللهِ فِي ايَّامٍ مَعْدُودَاتٍ

''তোমরা নির্দিষ্ট দিনগুলোতে আল্লাহকে স্মরণ করবে।'' (সূরা আল বাকারাহ্ ২ : ২০৩)

অর্থাৎ- এ দিনে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিয়াম পালন করতে নিষেধ করেছেন এবং তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তোমাদের নির্দেশ দিয়েছেন আল্লাহর জিকির করতে যাতে কুপ্রবৃত্তি থেকে বেঁচে থাকা যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন